# আর কত ?

-সুপর্ণা ভট্টাচার্য্য

চঞ্চল চোখদুটো আজ স্থির,
কোথায় খুঁজছে জেনো একটুকরো শান্তির নীর,
সেকি ঘেন্না, সেকি ভয়,কষ্টের দাবানলে জ্বলছে?
বোঝে না,কেউ বোঝে না তার অব্যক্ত কত কষ্ট জমেছে বুকে।
কোথাও মোমবাতি হাতে নিয়ে প্রতিবাদি মৌনমিছিল চলে;
কোথাও নিস্পাপ মন তখন বিগত ঘটনার অনলে পুড়ে;
মিডিয়া, নিউজ, নেতার গলা যখন ব্যস্ত ধর্ষনকারীদের
নিয়ে তীব্র প্রতিবাদে,
অশ্রুনীর চোখ তখন শত প্রশ্নের উত্তর খোঁজে।

কত প্রশ্ন,কত আগুন জ্বলছে আজ মনে,
নারীদের স্থান এখনোও সেই শাড়ির নিচে ?
আর কত পৈশাচিক দাঁত নারীত্ব ক্ষত-বিক্ষত করবে ?
কত নারী আর অলিতে গলিতে নির্বস্ত্র হবে ?
আর কত সীতা'র নারীত্ব সতীত্বের অনলে পুরবে ?
আর কত দামিনী'র রক্ত পুরুষত্বের পিপাসা মেটাবে ?
আর কত এই সমাজ নারী অর্থে ভোগ খোঁজবে ?
আর কত ?



Scanned by CamScanner